

নম্বর: ৪০.০০.০০০০.০২০.৩৮.১৭৫.১৪-৪৩১

তারিখ: ০৪ পৌষ, ১৪৩০  
১৯ ডিসেম্বর, ২০২৩

### প্রজ্ঞাপন

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সহকারী মহাপরিদর্শক (সেফটি) জনাব মো: মোস্তাফিজুর রহমান উপমহাপরিদর্শকের কার্যালয়, দিনাজপুর-এ উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব) হিসাবে কর্মরত থাকাকালীন তাঁর বিরুদ্ধে ঈশান এ্যাগ্রো এন্ড ফুড, চিরিবন্দর, দিনাজপুরে অবস্থিত কারখানার লাইসেন্স নবায়ন বাবদ ৮০০০০/- (আশি হাজার) টাকা দুই গ্রহণের সময় দুদক টীম কর্তৃক হাতেনাতে গ্রেফতারসহ জেলহাজতে প্রেরণ করা হয়। আনীত অভিযোগের ভিত্তিতে ২৬-০৫-২০২২ তারিখের ৪০.০০.০০০০.০২০.৩৮.১৭৫.২০১৪-২৩৬ নং স্মারকের মাধ্যমে সাময়িক বরখাস্ত করা হয়। তাঁর এহেন কর্মকান্ডের কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ'-এর দায়ে ২৯-০৮-২০২২ তারিখের ৪০.০০.০০০০.০২০.৩৮.১৭৫.২০১৪-৩৬৮ নং স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক তাঁর বিরুদ্ধে ০৪/২০২২ নং বিভাগীয় মামলা দায়ের করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণ স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হয়।

অভিযুক্ত কর্মকর্তা ০২-১০-২০২২ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ২২-১২-২০২২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানি অন্তে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

তদন্ত কর্মকর্তা ০৫-১০-২০২৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং দাখিলকৃত প্রতিবেদনে জনাব মো: মোস্তাফিজুর রহমান-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী আনীত "অসদাচরণ ও "দুর্নীতি পরায়ণ"-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়।

তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ২১-১১-২০২৩ তারিখে পুনরায় তাঁর ব্যক্তিগত শুনানির জন্য দিন ধার্য করা হয়। ব্যক্তিগত শুনানিকালে তিনি আত্মপক্ষ সমর্থন করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ তথ্য প্রমাণাদি উপস্থাপন করেন এবং লিখিত বক্তব্য প্রদান করেন। অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে ০৪/২০২২ নং বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের জন্য বিনীত অনুরোধ করেন।

জনাব মো: মোস্তাফিজুর রহমান, সহকারী মহাপরিদর্শক (সেফটি) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকার ব্যক্তিগত শুনানি, লিখিত বক্তব্যের সাথে সংশ্লিষ্ট কাগজপত্র, তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন পর্যালোচনা ও পারিপার্শ্বিক অবস্থা বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি (৩) (খ) অনুযায়ী অসদাচরণের দায়ে তিনি শাস্তি পাওয়ারযোগ্য।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়গুলো সার্বিক বিবেচনায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা (পূর্বতন কর্মস্থল: উপমহাপরিদর্শকের কার্যালয়, দিনাজপুর)-এর বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী মহাপরিদর্শক (সেফটি) জনাব মো: মোস্তাফিজুর রহমান-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪ এর উপ-বিধি (২)(ঘ) অনুযায়ী ৫ (পাঁচ) বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' অর্থাৎ ৯ম গ্রেডের ২২০০০-৫৩০৬০/- বেতনস্কেলের নিম্নতম ধাপ ২২,০০০/- (বাইশ হাজার) টাকা মূল বেতনে অবনমিতকরণ-সূচক 'লঘুদণ্ড' প্রদান করা হলো। বেতন অবনমিতকরণকালে তিনি ইনক্রিমেন্ট বা বার্ষিক বেতন বৃদ্ধি সুবিধা প্রাপ্ত হবেন না। দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে তার বর্তমান বেতন স্কেলের ৯ম গ্রেডের ২২০০০-৫৩০৬০/- বর্তমানে প্রাপ্ত বেতন ধাপ ৩২,৫৪০/- (বত্রিশ হাজার পাঁচশত চল্লিশ) টাকায় প্রত্যাবর্তন করবেন। তিনি বিধি মোতাবেক পুনরায় নিয়মিত ইনক্রিমেন্ট বা বার্ষিক বেতন বৃদ্ধি সুবিধা প্রাপ্ত হবেন; তবে বেতন অবনমিতকরণকালের জন্য তিনি বকেয়া কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। একই সাথে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত  
(মোঃ এহছানে এলাহী)  
সচিব  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

নম্বর: ৪০.০০.০০০০.০২০.৩৮.১৭৫.১৪-৪৩১/(৯)

তারিখ: ০৪ পৌষ, ১৪৩০  
১৯ ডিসেম্বর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী মহাপরিদর্শক (সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৮। যুগ্মসচিব (সংস্থাপন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৯। অফিস কপি/গার্ড ফাইল।

  
(মুহাম্মদ আশরাফ হোসেন)  
উপসচিব

ফোন- +৮৮০২২২৩৩৫৭১৪০  
Section10@mole.gov.bd